গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা
রাজস্ব (এসএ) শাখা
www.netrokona.gov.bd

স্মারক নং : ০৫.৪৫.৭২০০.০০৮.৩৩.২৫১.২৫-২৮৫২

তারিখ: ২৯ আশ্বিন ১৪৩২।
১৪ অক্টোবর ২০২৫।

**উন্নয়ন প্রকল্পে জলমহাল ইজারা প্রাপ্তির জন্য ভূমি মন্ত্রণালয়ে আবেদন দাখিল সংক্রান্ত বিজ্ঞপ্তি**

এতদ্বারা নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সংগঠন/সমিতির অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নেত্রকোণা জেলা প্রশাসনের ব্যবস্থাপনাধীন ২০ একরের উর্ধ্বের (বদ্ধ) নিম্নবর্ণিত জলমহালসমূহ সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর আলোকে উন্নয়ন প্রকল্পের আওতায় ১৪৩৩-১৪৩৮ বঙ্গাব্দ পর্যন্ত ০৬ (ছয়) মেয়াদে ইজারা প্রদানের লক্ষ্যে নিম্নে উল্লিখিত শর্তাধীনে আবেদন আহ্বান করা যাচ্ছে।

০২। জলমহাল ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশের পর ১৪৩২ বঙ্গাব্দের ৩০ কার্তিক তারিখ পর্যন্ত ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (jm.lams.gov.bd) রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এছাড়া, উন্নয়ন প্রকল্পে জলমহাল ইজারা প্রদানের বিজ্ঞপ্তি www.dcnetrokona.gov.bd ওয়েবসাইটেও পাওয়া যাবে।

**১৪৩৩-১৪৩৮ বঙ্গাব্দ মেয়াদে উন্নয়ন প্রকল্পের আওতায় ইজারাযোগ্য জলমহালের তালিকা**

| ক্রম | উপজেলা | জলমহাল | আয়তন | পূর্ববর্তী সর্বোচ্চ ইজারা মূল্য | সরকারি ইজারা মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | নেত্রকোণা সদর | গোড়াডোবা | ২৪.৫০ | ৩০০০০০ | ৩,৭৫,০০০.০০ | কোনো জলমহালের বিষয়ে আদালত কর্তৃক নিষেধাজ্ঞা/ভিন্ন কোনো সিদ্ধান্ত বা মন্ত্রণালয় কর্তৃক অন্য কোনো সিদ্ধান্ত থাকলে জলমহালটি তালিকা থেকে বাদ দেয়া হয়েছে বলে গণ্য হবে। |
| ২. | নেত্রকোণা সদর | মাগুরা | ৫২.৩৬ | ২৪০০০ | ৩০,০০০.০০ | |
| ৩. | নেত্রকোণা সদর | ধলাই নদী | ৫১.৭৬ | ১৯৫৩১৩ | ২,৪৪,১৪২.০০ | |
| ৪. | পূর্বধলা | ডোবা বিল | ২৫.৫৬ | ১৫০০০ | ১৮,৭৫০.০০ | |
| ৫. | পূর্বধলা | জারিয়া নদী | ৬৬.৭৬ | ৫০২৬৪০ | ৬,২৮,৩০০.০০ | |
| ৬. | পূর্বধলা | বোয়ালিয়র ডোবা | ২৮.৫৪ | ২০১২০২ | ২,৫১,৫০৩.০০ | |
| ৭. | দূর্গাপুর | কাবর বিল | ২২.০০ | ০০ | ৬,৫৬৩.০০ | |
| ৮. | দূর্গাপুর | চিনাকুড়ি বিল | ২২.০০ | ০০ | ৭,৮৭৫.০০ | |
| ৯. | দূর্গাপুর | কাকুরিয়াকান্দা নদী | ২০.১২ | ১৩৬৬৭ | ১৭,০৮৪.০০ | |
| ১০. | দূর্গাপুর | গলইখালী নদীর ডোবা | ৩৩.৭২ | ২৭৬২৫০ | ৩,৪৫,৩১৩.০০ | |
| ১১. | দূর্গাপুর | জলা বিল | ৩২.০০ | ১৪৫৮৭ | ১৮,২৩৪.০০ | |
| ১২. | কলমাকান্দা | বড়ইউন্দ দিঘর ঝংড়া বিল গ্রুপ | ২২.৯৩ | ৪৫৪১৪৯ | ৫,৬৭,৬৮৭.০০ | |
| ১৩. | কলমাকান্দা | মান্দারুয়া বিল | ১২২.৬০ | ৪২৭৮৯৮ | ৫,৩৪,৮৭৩.০০ | |
| ১৪. | কলমাকান্দা | গোমাই নদী | ৯৩.২৮ | ৩৯২০১৭ | ৪,৯০,০২২.০০ | |
| ১৫. | কলমাকান্দা | গোড়াডুবি বিল | ৮২.৮৪ | ১৪৬১৪৭২ | ১৮,২৬,৮৪০.০০ | |
| ১৬. | কলমাকান্দা | দুবদই খাল | ৩৮.৩৩ | ২৩৬২০০ | ২,৯৫,২৫০.০০ | |
| ১৭. | বারহাট্টা | গোলামখালী খাল | ৩৯.০০ | ১৫৮৭৬০ | ১,৯৮,৪৫০.০০ | |
| ১৮. | বারহাট্টা | সিংগুয়া জলদিঘর | ৫৯.৫৮ | ৫২৩৯০৯ | ৬,৫৪,৮৮৭.০০ | |
| ১৯. | বারহাট্টা | অতীতপুরের নীম | ২৪.৩০ | ৯২১৫ | ১১,৫১৯.০০ | |
| ২০. | বারহাট্টা | রৌহা বিল | ৩৩.৯৭ | ৫৯৮৫০৩ | ৭,৪৮,১২৯.০০ | |
| ২১. | বারহাট্টা | ছাতিগাঁও | ২৭.০০ | ০০ | ২,৫০০.০০ | |
| ২২. | বারহাট্টা | জল জালালাবাদ | ৪৫.১৭ | ০০ | ৪,০০৪.০০ | |
| ২৩. | বারহাট্টা | রাঙ্গাদাইর | ৩৭.২৮ | ৩০০০ | ৩,৭৫০.০০ | |
| ২৪. | মোহনগঞ্জ | নায়ের গোপ | ২৬.০৭ | ১৬৩৫৮৪৫ | ২০,৪৪,৮০৭.০০ | |
| ২৫. | মোহনগঞ্জ | ডোয়ারকোনা | ২৭.২৫ | ৬২৪৫৪২ | ৭৮০,৬৭৮.০০ | |
| ২৬. | মোহনগঞ্জ | বরান্তর মরাধনু | ২২২.৮৭ | ৮৩৮৫১২৯ | ১০,৪৮১,৪১২.০০ | |
| ২৭. | মোহনগঞ্জ | বিল চিরাইন বাইনর | ৮০.১৫ | ৬৯৬৯৫০ | ৮৭১,১৮৮.০০ | |
| ২৮. | মোহনগঞ্জ | গজারিয়া | ৫০.৯৯ | ৫৯৩২৫০০ | ৭,৪১৫,৬২৫.০০ | |
| ২৯. | আটপাড়া | মাগুরা বিল | ২০.৫২ | ৩৭৫০০ | ৪৬,৮৭৫.০০ | |
| ৩০. | আটপাড়া | চারিয়া বিল | ৩৬.০১ | ২০৪৭৫ | ২৫,৫৯৪.০০ | |
| ৩১. | মদন | ছিনাই নদী | ১৫৫.১৫ | ১৭১৬৯১৭ | ২১,৪৬,১৪৭.০০ | |
| ৩২. | মদন | বোয়ালী বিল | ৪৩.৪১ | ৯৪২০৩ | ১,১৭,৭৫৪.০০ | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৩৩. | মদন | দেওসহিলা | ২৭.৯৮ | ১৯৪৩২১ | ২,৪২,৯০২.০০ | |
| ৩৪. | মদন | যুঁই বিল | ২৯.৩০ | ৫৪৯৪৬৩ | ৬,৮৬,৮২৯.০০ | |
| ৩৫. | খালিয়াজুরী | ঘোনা খরখরিয়া | ২২.০০ | ১০০০০০ | ১,২৫,০০০.০০ | |
| ৩৬. | খালিয়াজুরী | বানুয়ারী নদী | ৬৯.৯৬ | ১৭৩৬৪৩৯ | ২১,৭০,৫৪৯.০০ | |
| ৩৭. | খালিয়াজুরী | নন্দের পেটনা | ৪৪.৪৩ | ২৫৮৩৯৮৫ | ৩২,২৯,৯৮২.০০ | |
| ৩৮. | খালিয়াজুরী | রাজঘাট মরাধনু | ৯১.৪০ | ২৩৭৮২৫০ | ২৯,৭২,৮১৩.০০ | |
| ৩৯. | খালিয়াজুরী | মরাধনু জগন্নাথ পুরের ঘোনা | ৪২.০০ | ৫৫২০০০ | ৬,৯০,০০০.০০ | |
| ৪০. | খালিয়াজুরী | মরাধনু সিন্ধুক্কার বাঁক | ৩৫.৫০ | ৩৬২৮৮০০ | ৪৫,৩৬,০০০.০০ | |
| ৪১. | খালিয়াজুরী | বেকী বিল | ২১.৮০ | ১৯৬৯৭২৫ | ২৪,৬২,১৫৭.০০ | |
| ৪২. | খালিয়াজুরী | জগন্নাথপুর গ্রুপ | ১৯৬.৮১ | ৫২০৭৫৫৭ | ৬৫,০৯,৪৪৭.০০ | |
| ৪৩. | খালিয়াজুরী | মরানদী | ২০২.৩১ | ৫৬৮৭৫০০ | ৭১,০৯,৩৭৫.০০ | |
| ৪৪. | খালিয়াজুরী | মরাধনু ফরিদ পুরের ঘোনা | ১৪২.০০ | ২১১১৬০৩ | ২৬,৩৯,৫০৪.০০ | |
| ৪৫. | খালিয়াজুরী | উজান বালই | ২৬.২৭ | ৮৮৯০০১ | ১,১১১,২৫২.০০ | |
| ৪৬. | খালিয়াজুরী | চাকুয়া গ্রুপ | ১৮২.৬২ | ২৮১১৬৬৪ | ৩৫,১৪,৫৮০.০০ | |
| ৪৭. | খালিয়াজুরী | মাখলাইন | ৯৪.৭৫ | ৩০৭৩৫০৮ | ৩৮,৪১,৮৮৫.০০ | |
| ৪৮. | খালিয়াজুরী | ছায়াবিল | ৭৬.৬৯ | ১৯৯৬৩২৮ | ২৪,৯৫,৪১০.০০ | |
| ৪৯. | খালিয়াজুরী | চৌতারা | ১৭৯.১৪ | ৪৬৬৬৩৭০ | ৫৮,৩২,৯৬৩.০০ | |
| ৫০. | খালিয়াজুরী | রোয়াইল বিল | ১০৩.৭০ | ২৫১৬১১৬ | ৩১,৪৫,১৪৫.০০ | |
| ৫১. | খালিয়াজুরী | কাঠালজান | ২০০.৬৯ | ৫৬৪০৬৫৮ | ৭০,৫০,৮২৩.০০ | |

**শর্তাবলী :-**

১. আবেদনকারী কর্তৃক জলমহালটি সরজমিন পরিদর্শন করে আবেদন দাখিল করতে হবে। আবেদন দাখিল বা ইজারা প্রাপ্তির পর জলমহালের আকার/আয়তন/কোনো অংশ ভরাট হয়ে গেছে মর্মে কোনো প্রশ্ন বা দাবি উত্থাপন করা যাবে না। করলে তা সর্বদা অগ্রাহ্য হবে।

২. জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক জলমহাল ইজারা প্রদান বিষয়ে সিদ্ধান্ত প্রদানের ১৫ (পনেরো) দিনের মধ্যে ইজারা গ্রহীতাকে সমুদয় ইজারার অর্থ নির্ধারিত কোডে পরিশোধ করতে হবে। নির্ধারিত তারিখে সমুদয় অর্থ পরিশোধে ব্যর্থ হলে আবেদন/ইজারা বাতিল ও জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। কোনো অবস্থাতেই ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

৩. ইজারাপ্রাপ্ত সমিতিকে ২য় বছর হতে ৫ম বছর পর্যন্ত প্রতি বছরের ইজারা মূল্যের সাথে অতিরিক্ত ২০% অর্থ বিডি/পে-অর্ডার আকারে (মূল কপি) জেলা প্রশাসক, নেত্রকোণা-এর অনুকূলে দাখিল করতে হবে।

৪. ইজারা গ্রহীতা সমিতিকে ২য় বৎসরের ইজারামূল্য ও অন্যান্য করাদি ১ম বছরের ১৫ই চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। পরবর্তী বছর সমূহের ইজারামূল্য ও অন্যান্য করাদি একইভাবে পূর্ববর্তী বছরের ১৫ই চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। ব্যর্থতায় স্বয়ংক্রিয়ভাবে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং সরকার নতুন করে এই জলমহাল ইজারা প্রদান করতে পারবে।

৫. সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত বিধি-বিধান এবং ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ ইজারা বিষয়ে প্রদত্ত কোনো নির্দেশনা/ নতুন শর্ত আরোপ, সংযোজন এবং সংশোধন করলে তা কার্যকর হবে।

৬. মামলাভুক্ত জলমহালের ক্ষেত্রে বিজ্ঞ আদালতের আদেশ (যদি থাকে) প্রতিপালন সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

৭. উন্নয়ন প্রকল্পের বিস্তারিত বিবরণ (প্রকল্প ছকে) দাখিল করতে হবে;

৮. প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির নিবন্ধন সনদ (রেজিস্ট্রেশন)-এর সত্যায়িত কপি দাখিল করতে হবে;

৯. নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির সকল সদস্যের নাম, ঠিকানা ও ছবি দাখিল করতে হবে;

১০. মৎস্যজীবীদের জাতীয় পরিচয় পত্র দাখিল করতে হবে;

১১. আবেদনকারী সমিতির সকল সদস্য কার্ডধারী প্রকৃত মৎস্যজীবী মর্মে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির পক্ষে উপজেলা মৎস্য কর্মকর্তা/সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে;

১২. সভাপতি, সম্পাদক ও সমিতির নিকট সরকারি কোনো বকেয়া রাজস্ব পাওনা আছে কিনা এবং তাদের বিরুদ্ধে কোনো সার্টিফিকেট মামলা আছে কিনা জেলা প্রশাসন কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে;

১৩. আবেদনের সাথে সংশ্লিষ্ট জলমহালের প্রস্তাবিত ইজারা মূল্যের ২০% (শতকরা হারে) জামানত জেলা প্রশাসক, নেত্রকোণা-এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে (মূল কপি) দাখিল করতে হবে।

১৪. সমিতির গঠনতন্ত্র দাখিল করতে হবে;

১৫. সমিতির সভার কার্যবিবরণী দাখিল করতে হবে;

১৬. ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট (ব্যাংক রুল অনুসারে) দাখিল করতে হবে;

১৭. বিগত ০২(দুই) বছরের অডিট রিপোর্টসহ কর্তৃপক্ষ কর্তৃক চাহিত যে কোনো কাগজপত্র দাখিল করতে হবে । তবে নতুন নিবন্ধিত সংগঠন/সমিতির ক্ষেত্রে অডিট রিপোর্ট প্রয়োজন হবে না।

১৮. সমিতির সদস্যগণ প্রকৃত মৎস্যজীবী, মাছ চাষ, শিকার ও বিপণনের সাথে জড়ি আছেন ও থাকবেন এবং জলমহাল ইজারা পেলে নিজেরাই তা পরিচালনা করবেন মর্মে অঙ্গীকারনামা দাখিল করতে হবে।

১৯. সীলগালাকৃত খামের উপরিভাগে 'জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন'; ডানপার্শ্বে জেলা প্রশাসক, নেত্রকোণা' ও বামপার্শ্বের নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখিত থাকতে হবে।

২০. সরকারি নীতিমালা অনুযায়ী প্রত্যেক বছরের ইজারা মূল্যের সাথে ১৫% ভ্যাট ও ১০% উৎসে কর পরিশোধ করতে হবে। এক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত নির্দেশ ও অন্যান্য করাদি যদি প্রযোজ্য হয় তাও পরিশোধ করতে হবে।

২১. উন্নয়ন প্রকল্পের আওতায় ইজারা প্রাপ্তির লক্ষ্যে ভূমি মন্ত্রণালয়ে নির্ধারিত ওয়েবসাইটে (jm.lams.gov.bd) ১৪৩২ বঙ্গাব্দের ৩০ কার্তিকের মধ্যে আবশ্যিকভাবে অনলাইনে আবেদন দাখিল করে দাখিলকৃত কাগজপত্রের হার্ডকপি ও জামানতের মূল কপি সীলগালাকৃত মুখবন্ধ খামে পরবর্তী ০৩(তিন) কর্মদিবসের মধ্যে জেলা প্রশাসক, নেত্রকোণা-এর কার্যালয়ে দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পর কোনো আবেদন গ্রহণ করা হবে না। ডাকযোগেও নির্ধারিত সময়ের পর কোনো আবেদন পাওয়া গেলে খাম না খুলে প্রাপকের ঠিকানায় ফেরত প্রেরণ করা হবে।

১৪/১০/২৫

(মোহাম্মদ আবদুল্লাহ আল মাহমুদ জামান)
জেলা প্রশাসক
নেত্রকোণা
ফোন : ০২৯৯৬৬৫১৬৩৪
E-mail:dcnetrokona@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৫.৭২০০.০০৮.৩৩.২৫১.২৫- ২৮৫২/১(৫৫)

তারিখ: ২৯ আশ্বিন ১৪৩২।
১৪ অক্টোবর ২০২৫।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে –

১. সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩. পুলিশ সুপার, নেত্রকোণা।
৪. নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, নেত্রকোণা।
৫. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নেত্রকোণা।
৬. জেলা মৎস্য কর্মকর্তা, নেত্রকেণা।
৭. জেলা সমবায় কর্মকর্তা, নেত্রকোণা।
৮. উপজেলা নির্বাহী অফিসার, ..........................(সকল), নেত্রকোণা (স্ব স্ব অধিক্ষেত্রে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৯. সহকারী কমিশনার (ভূমি), ..........................(সকল), নেত্রকোণা (স্ব স্ব অধিক্ষেত্রে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
১০. উপপরিচালক, জেলা তথ্য অফিস, নেত্রকোণা।
১১. উপজেলা মৎস্য কর্মকর্তা, ..........................(সকল), নেত্রকোণা।
১২. উপজেলা সমবায় কর্মকর্তা, ..........................(সকল), নেত্রকোণা।
১৩. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, নেত্রকোণা। তাকে বিজ্ঞপ্তিটি এ কার্যালয়ের ওয়েবসাইট-এ প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৪. সম্পাদক,.............................. দৈনিক পত্রিকা, ........................................................। সংযুক্ত বিজ্ঞপ্তি আপনার পত্রিকায় ভেতরের পাতায় সীমিত পরিসরে (১১ ফন্টে) জরুরি ভিত্তিতে ০১(এক) দিনের জন্য প্রকাশের অনুরোধসহ।
১৫. ..............................................................................., নেত্রকোণা।
১৬. সংরক্ষণ নথি।

১৪/১০/২৫

জেলা প্রশাসক
নেত্রকোণা